

৭ মার্চের ভাষণ
৮ম শ্রেণীর পাঠ্য
পুস্তকে থাকবে

সংসদ বাণী পরিবেশক

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ আশাপাশী শিক্ষা বর্ষে অষ্টম শ্রেণীর পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা হবে। এছাড়া বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র, প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা হবে। গতকাল মুহাম্মতিয়ার জাতীয় সংসদে নুরগিওর সেনগুপ্তের সম্প্রদায় প্রণেয় উত্তরে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ একথা জানিয়েছেন। স্বাধীনতার প্রকৃত স্মৃতিস্মারক বিভিন্ন শ্রেণীর পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা হবে বলে তিনি জানান। মন্ত্রী জানান, স্রেষ্ঠ সরকারের আমলে বহু ধরনের দুর্নীতি ও দুটপটি হয়েছে। শিক্ষা ক্ষেত্রে অনিয়ম ও দুর্নীতিও লে চিহ্নিত করতে একটি বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠনের প্রক্রিয়া চলছে। দুর্নীতিও লে চিহ্নিত করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া সম্ভব।
ভাষণ : পৃষ্ঠা : ১১ ক : ১

শিক্ষামন্ত্রী পাঠ্যপুস্তকে
(১ম পৃষ্ঠার পর)

হবে বলে তিনি আশা প্রকাশ করেন। নাচিমুল আলম চৌধুরীর প্রণেয় জবাবে তিনি আরও বলেন, সরকার শিক্ষাকে দুর্নীতিমুক্ত করতে কঠোর অবস্থান গ্রহণ করেছে। কোন ধরনের দুর্নীতি ও অনিয়ম সহ্য করা হবে না। শিক্ষামন্ত্রী বলেন, পুস্তক প্রকাশনা ও বিজ্ঞাপন করার ক্ষেত্রে কিছু প্রতিষ্ঠান অনিয়ম করে কৃত্রিম সংকট সৃষ্টি করেছিল। এর বিরুদ্ধে সরকার কঠোর অবস্থান নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। একেএম রহমতুল্লাহর প্রণেয় জবাবে তিনি আরও বলেন, পাঠ্যপুস্তক রূপান্তর ও বিতরণে মারা সন্ত সৃষ্টি করেছিল তাদের চিহ্নিত করা হয়েছে। এখন তাদের বিরুদ্ধে বিধি মতো ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। অন্য এক প্রণেয় জবাবে তিনি বলেন, প্রাথমিক পর্যায়ের পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ নীতিমালা সমন্বয়পযোগী করা হবে।

কিশোরগঞ্জ-৩ থেকে নির্বাচিত মুজিবুল হক চন্দ্র প্রণেয় জবাবে শিক্ষামন্ত্রী বলেন, প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শতকরা ৫০ ভাগ শিক্ষার্থী করে পুস্তক। বর্তমানে প্রাথমিক স্তরে ১১ ধর্মের শিক্ষাদান পদ্ধতি থাকায় নতুন প্রকল্পের শিক্ষার্থীরা বৈষম্যের শিকার হচ্ছে। সরকার ২০১১ সালের মধ্যে একই ধরনের কারিকুলামে শিক্ষাদানের ব্যবস্থা করবে। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষার পাশাপাশি আধুনিক শিক্ষা ব্যবস্থা চালু করা হবে।

সাম্মতল হক চৌধুরীর সম্প্রদায় প্রণেয় জবাবে মন্ত্রী বলেন, অর্থ সঙ্কটের কারণে এ মুহূর্তে স্থল-কলেজ এমপিওভুক্ত করা সম্ভব নয়। মুজিবুর রহমানের অন্য এক প্রণেয় উত্তরে তিনি জানান, বর্তমানে সকাল ৮টা থেকে ২টা পর্যন্ত পাঠদান পরিবর্তনের বিষয়টি সেকুলার চিন্তা-ভাবনা করছে। এবিএম আনোয়ারুল হকের প্রণেয় উত্তরে তিনি বলেন, পর্যায়ক্রমে দেশের প্রতিটি উপজেলায় কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা হবে।

ওয়ারেনসাত হোসেন বেলালের এক প্রণেয় জবাবে মন্ত্রী বলেন, বর্তমানে কোন শিক্ষানীতি কার্যকর নেই। তবে সরকার কুমারত-ই-খুদা শিক্ষানীতির আলোকে রচিত শিক্ষানীতি ২০০০-এর মৌলিকতর সমন্বয়পযোগী ও ব্যবহার্য নতুন সমন্বয়পূর্ণ করতে একটি কমিটি করেছে। কয়েক মাসের মধ্যে এ শিক্ষানীতি চূড়ান্ত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। রশেদ হান মেননের এক প্রণেয় জবাবে তিনি জানান, সরকারি স্কুল ও কলেজগুলোর ভর্তি নিয়ম ক্ষেত্রে নীতিমালা থাকলেও বেতন নির্ধারণের ক্ষেত্রে সরকারের কোন সুনির্দিষ্ট নীতিমালা নেই। তবে শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীর ভর্তির ক্ষেত্রে ভর্তি ফি, উন্নয়ন, বেসন ফি ও অন্যান্য পণ্ড বিক্রয়ে সর্বোচ্চ ৫ শতাংশ টাকার মধ্যে সীমাবদ্ধ রাখার বিধান রয়েছে। মোস্তফা আলম মহিউদ্দিনের এক প্রণেয় জবাবে মন্ত্রী সংসদে জানান, কম্পিউটারকে প্রাথমিক পর্যায়ে অবশ্যিক বিষয় হিসেবে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার প্রক্রিয়া শুরু হয়েছে। দ্রুতই 'জি.কার্ড' হবে এবং প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীরা কম্পিউটারে পারদর্শী হওয়ার সুযোগ পাবেন।